তারিখ ... ২৩.৩.৮৪ ...

পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

...লা

012

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

এস ১২/১-৭/৮৪/৩৮০—ইডিএন তাং ২০/৩/১৯৮৪

বিষয় : ১৯৮৪ সালের জন্যে ইউএসএসআর স্কলারশীপ(আন্ডার গ্র্যাজুয়েট)

নিম্নবর্ণিত বিষয়সমূহে ১৯৮৪ শিক্ষাবর্ষে অধ্যয়নের জন্যে ইউ এস এস আর সরকারের প্রদত্ত ৪৮টি আন্ডার গ্র্যাজুয়েট স্কলারশীপের জন্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

আন্ডার গ্র্যাজুয়েট

| বিষয় | স্কলারশীপের সংখ্যা | নিম্নতম যোগ্যতা |
|---|---|---|
| ১। মেডিক্যাল | ৭ | গড়ে শতকরা ৭৫ ভাগ মার্কসহ এস এস সি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ |
| ২। ফার্মাসী | ৩ | |
| ৩। সিভিল ইঞ্জিনিয়ারিং | ৪ | গড়ে শতকরা ৭০ ভাগ মার্কসহ এস এস সি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ |
| ৪। হাইড্রলিক ইঞ্জিনিয়ারিং (পাওয়ার প্ল্যান্ট কনষ্ট্রাকশন) | ২ | |
| ৫। হাইওয়ে ইঞ্জিনিয়ারিং (সিভিল) | ৩ | |
| ৬। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ৩ | |
| ৭। এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং | ১ | |
| ৮। লেদার টেকনোলজি | ২ | |
| ৯। শীপ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার | ৩ | |
| ১০। নেভিগেশন ইঞ্জিনিয়ারং | ২ | |
| ১১। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং | ৩ | |
| ১২। ইলেকট্রনিকস | ৪ | |
| ১৩। মাইনিং ইঞ্জিনিয়ারিং | ১ | |
| ১৪। আর্কিটেকচার | ১ | |
| ১৫। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ২ | |
| ১৬। পেডাগগী (অধ্যাপনা বিদ্যা) | ২ | মানবিক ও বাণিজ্য বিভাগে এস এস সি ও এইচ এস সি পরীক্ষায় কমপক্ষে শতকরা ৬০ ভাগ মার্কসহ প্রথম বিভাগ |
| ১৭। ইকনমিকস (অর্থনীতি) | ২ | |
| ১৮। ভূগোল | ১ | |
| ১৯। ইতিহাস | ১ | |

২। যেসব প্রার্থী ১৯৮৩ সনের আগে এইচ এস সি পাশ করেছে তাদের দরখাস্ত করার প্রয়োজন নেই।

৩। অন্যান্য যাবতীয় ব্যয় ইউ এস এস আর সরকার, বহন করবেন। কিন্তু চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের বাংলাদেশ থেকে ইউ এস এস আর এ শিক্ষা সমাপন শেষে বাংলাদেশে প্রত্যাবর্তনের বিমান ভাড়া সোভিয়েত কর্তৃপক্ষ বহন করবেন। প্রার্থীর বিমানে যাবার ভাড়া তার অভিভাবক বহন করবেন এই মর্মে একটি আন্ডার টেকিং দরখাস্তের সঙ্গে থাকতে হবে।

৪। যারা চাকরি করছে তাদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

৫। সর্বশেষ ৫/৪/৮৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কাছে সাদা কাগজে লেখা দরখাস্ত সার্টিফিকেট/মার্কসীটঃ টেস্টিমনিয়াল ইত্যাদির সত্যায়িত কপিসহ পৌঁছাতে হবে। দরখাস্তকারীগণ বাংলাদেশ সেক্রেটারিয়েট, ঢাকা এর ২ নং গেটের অভ্যর্থনা পক্ষে রক্ষিত কাঠের বাক্সেও দরখাস্ত ফেলতে পারবে।

৬। অসম্পূর্ণ দরখাস্ত এবং ঘোষিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত আপনা আপনিই বাতিল হয়ে যাবে।

ইউ এস এস আর স্কলারশীপের জন্য দরখাস্ত ফরম

১। নাম (ব্লক লেটারে) :

২। পিতার/স্বামীর নাম :

৩। ক) জন্মের তারিখ :

খ) ১/১/৮৪ তারিখে সঠিক বয়স :

৪। টেলিগ্রাম অফিস সহ চিঠি পাঠাবার ঠিকানা এবং যদি থাকে তবে টেলিফোন নং :

৫। স্থায়ী ঠিকানা

৬। শিক্ষাগত যোগ্যতা

উত্তীর্ণ পরীক্ষা/পাশের বছর/বিভাগ/ক্লাশ/স্থান/গড়মার্ক/শতকরা

৭। বিষয় :

৮। তারিখসহ দরখাস্তকারীর স্বাক্ষর :

স্বাক্ষর

(মোঃ আবদুল হোসাইল খান)

শাখা প্রধান

তবম—২৫১৩(২)(২১-৩)

জি—১২৪৯